REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

সম্পাদক—শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত।

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৸০ টাকা। নগদ মূল্য ৶০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

**বিজ্ঞাপন।**

গ্রাহকগণের প্রতি নিবেদন:—

আমাদের দোকানে চাঁদি, সোনা, গিনি মোহর এবং সকলপ্রকার স্বর্ণ ও রৌপ্যের অলঙ্কার সর্ব্বদা বিক্রয়ার্থ প্রস্তুত থাকে। কোন অলঙ্কার প্রস্তুত করিতে দিলে আমরা নির্দ্দিষ্ট দিনে দিয়া থাকি। মফঃস্বলে ভিঃ, পিঃ, তে মাল পাঠান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীবিভূতিভূষণ দে এণ্ড ব্রাদার্স

জঙ্গিপুর, সাহেব বাজার, (মুর্শিদাবাদ)।

ডাঃ এন, এল, পালের

**সুদর্শন সার।**

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৵০ আনা।

ডাঃ নন্দলাল পাল।

রঘুনাথগঞ্জ।

১০ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২২শে ফাল্গুন বুধবার ১৩৩০ ইংরাজী 5th March 1924 | ২৫শ সংখ্যা।


# হিলিংবাম

গত ৩০ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণো কোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অথবা পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাঁদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস. ইত্যাদি লেঃ কর্ণেল এস, পি, সিংহ, এম, আর, বি, পি, এস,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাইতে পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲

" " মাঝারি শিশি ২৷০

" " ছোট শিশি ১৸০

# স্যাঙ্গো

স্বাবৃত্ত সালস—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত, সন্ধি স্ফীতি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতু গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।



গুণে গন্ধে সৌরভসম্পদে

কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

**রমণী-রক্ষায় অশোকারিষ্টের মত শ্রেষ্ঠ ঔষধ নাই।**

অশোকারিষ্ট ঋষিদের উদ্ভব মহিমাবান—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকরীশক্তি অসীম। অনেক স্থলেক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্ট" রমণীগণের ভয়—রমণীর রোগ, বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হন। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

মূল্য প্রতি শিশি ... ১৸০ দেড় টাকা।

প্যাকিং ও ডাকমাশুল ... ৷৵০ ন আনা।

**হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।**

মফঃস্বলের রোগীগণের অবস্থা এক আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুসকল, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়।

# কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যোনমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২২শে ফাল্গুন বুধবার ১৩৩০ সাল।

## অরঙ্গাবাদ সম্মিলনী।

আমরা 'অরঙ্গাবাদ সম্মিলনীর ত্রয়োবিংশ ও চতুর্বিংশ বার্ষিক কার্য্য বিবরণী' প্রাপ্ত হইয়াছি। অরঙ্গাবাদ ও তন্নিকটস্থ পল্লীসমূহের কতিপয় গৃহস্থ ও জমিদার লইয়া এই সমিতি গঠিত হইয়াছে! 'অল্পানামপি বস্তূনাং সংহতি কার্য্য সাধিকা' এই বাক্যের স্বার্থকতা উক্ত সম্মিলনীর কার্য্য দেখিয়া বেশ উপলব্ধি করা যায়। সম্মিলনীর বার্ষিক আয় যৎসামান্য হইলেও সৎকার্য্য ভিন্ন কখনও অসৎ কার্য্যে বা আমোদ আহ্লাদে ইহার অর্থ ব্যয়িত হয় না। এই সৎকার্য্য সম্পাদিকা সম্মিলনী দীর্ঘায়ুঃ লাভ করিয়া পল্লীকষ্ট নিবারণে সক্ষম হউক ইহাই আমাদের প্রার্থনা।

## আদিম ভাষার পুরস্কার।

জঙ্গিপুরের ভূতপূর্ব্ব সাব-ডেপুটি কালেক্টর শ্রীযুক্ত বাবু গুরুদাস সরকার মহাশয় সাওতালী ভাষায় পরীক্ষা দিয়া বেশ যোগ্যতার সহিত উত্তীর্ণ হইয়াছেন। গবর্ণমেণ্ট তাঁহার এই যোগ্যতার জন্য এক হাজার টাকা পুরস্কার দিয়াছেন।

## প্রাপ্তি স্বীকার।

আমরা মথুরার সিংহ এণ্ড কোম্পানীর ম্যানেজার ডাক্তার শ্রীযুক্ত মুরারিরঞ্জন সিংহ মহাশয়ের নিকট হইতে একখানি নিম সাবান উপহার স্বরূপ প্রাপ্ত হইয়াছি। ইহা ব্যবহারে চুলকানি, খোস, পাঁচড়া ইত্যাদি আরোগ্য হয়। ইহার গন্ধ অতি মনোরম। আমরা ব্যবহার করিয়া সুখী হইয়াছি। সিংহ কোম্পানীকে এজন্য ধন্যবাদ দিতেছি।

## ডান সাহেবের অপমৃত্যু।

ডাক্তার টি, ও, ডি, ডান সম্প্রতি বঙ্গের শিক্ষা বিভাগের ডিরেক্টর নিযুক্ত হইয়াছিলেন। গত সপ্তাহের বৃহস্পতিবার তিনি হুগলী-চুঁচুড়ার গবরমেণ্ট স্কুল পরিদর্শন করিতে গিয়াছিলেন; অতঃপর অপরাহ্ণ চারিটার সময় নৌকা যোগে গঙ্গা পার হইয়া কলিকাতা আসিবার অভিপ্রায়ে নৈহাটী আসিতেছিলেন; নৌকায় এক চেয়ারের উপর বসিয়াছিলেন। নৈহাটী কূলের প্রায় মাত্র একশত গজ দূরে হঠাৎ তিনি উলটাইয়া চেয়ার শুদ্ধ পড়িয়া যাইলেন। আর তাঁহাকে জীবিত অবস্থায় পাওয়া যায় নাই। ইঁহার মৃত্যু উপলক্ষে কলিকাতা স্কুল কলেজ সমূহ বন্ধ হইয়াছিল। ইঁহার বয়স হইয়াছিল ৪৩ বৎসর মাত্র। কাহাকেও কাহাকেও অতিক্রম করিয়া ইঁহাকে শিক্ষা বিভাগের অধ্যক্ষের পদে নিযুক্ত করায় কাহারও কাহারও কি নিদারুণ মনস্তাপই না হইয়াছিল! কত মর্ম্মচ্ছেদী দীর্ঘ নিশ্বাসই না পড়িয়াছিল। কি জানি, কিসে কি ঘটিল!

## মৃত্যুমঞ্চে গোপীনাথ।

গত শনিবার প্রতঃকাল সাড়ে ছ'টার সময় বাঙালী বালক গোপীনাথ সাহা তার উনিশ বৎসরের জীবন খানিকে কলিকাতা প্রেসিডেন্সী জেলের মৃত্যুমঞ্চে বলি দিতে বাধ্য হয়েছে। মিঃ আর্ণেষ্ট ডে নামক একজন নির্দ্দোষ ইংরেজকে হত্যা করার জন্যই বিচারকের মৃত্যুমূখী দণ্ড চরম শাস্তি স্বরূপ তাকে মাথা পেতে নিতে বাধ্য করেছে। গোপীনাথ আদালতে স্পষ্টই বলেছে,—মিঃ টেগার্টকে হত্যা করিবার জন্য সে মায়ের ডাকে উদ্বুদ্ধ হয়েছিল। কিন্তু ভ্রমবশতঃ সে মিঃ ডেকে হত্যা করেছে। এই নির্দ্দোষ ব্যক্তিকে হত্যার জন্য সে অনুতাপও করেছিল। গোপীনাথের পক্ষ থেকে বলা হয়েছিল সে বিকৃতমস্তিষ্ক। মৃত্যুদণ্ডে দণ্ডিত হবার পরেও তার মাতা গবর্ণরের কাছে অনুরোধ করেছিলেন যে, সে বিকৃতমস্তিষ্ক কিনা, দু'জন বিশেষজ্ঞ দিয়ে তার পরীক্ষা করা হোক। কিন্তু তার মায়ের এ আবেদনও অগ্রাহ্য হয়েছে।

গোপীনাথ বিকৃতমস্তিষ্ক ছিল কিনা, তা বিশেষজ্ঞরাই বলতে পারতেন, কিন্তু লাট সাহেব সে পরীক্ষা করার প্রয়োজন বোধ না করে' মৃত্যুদণ্ডই শ্রেয়স্কর মনে করেছিলেন।

আদালতে গোপীনাথের উক্তিতেই বোঝা গেছে যে, সে বিচারকের কাছ থেকে এই দণ্ডই আশা করেছিল। মৃত্যুর অব্যবহিত পূর্ব্বক্ষণ পর্য্যন্ত তার কোনরূপ অবসাদ জন্মায় নি। বরং সে নিশ্চিন্ত আরামে নিদ্রা গিয়ে মনের আনন্দে গান গেয়ে যেন মৃত্যুর আরতি করে' হাসিমুখে মরণকে বরণ করেছিল। সে এতই উৎফুল্ল ছিল যে, মৃত্যুর আদেশ পাওয়ার পরে ওজনে আড়াই সের বেড়ে গিয়েছিল।

কর্ত্তৃপক্ষের এ দণ্ড বিধান হয়তো তাঁদের ন্যায়ের মানদণ্ডে যুক্তিযুক্তই হয়েছে। কিন্তু দেশের দুর্ভাগ্য যে, এইরূপ একটী মৃত্যুজয়ী অসাধারণ বালকরত্ন থেকে তাকে বঞ্চিত হ'তে হ'ল।

কর্ত্তৃপক্ষ গোপীনাথের শব দাহ করবার ব্যবস্থা জেলের ভিতরেই করেছিলেন। গত বিপ্লব যুগে স্বদেশপ্রেমোন্মত্ত জনসংঘ কানাইলালের শবদেহ নিয়ে যেরূপে তার অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করেছিল, কর্ত্তৃপক্ষ তা ভোলেন নি। কিন্তু হিন্দুমতে গঙ্গায় দিবার জন্য তার অস্থি দিতেও কর্ত্তৃপক্ষ সম্মত হন নি।

তাঁদের এ আপত্তির কারণ কেউ খুঁজে পাচ্ছে না। কানাইলালের চিতার অগ্নিশিখা উপস্থিত জনসংঘকে ইন্দ্রজালমুগ্ধ করে ফেলেছিল। কর্ত্তৃপক্ষের মানস পটে তা জ্বলন্ত অক্ষরে আজও মুদ্রিত থাকা সম্ভব। তাঁদের হয়ত ধারণা ও সব জীবের হাড়ে ভেল্কী খেলে!

'বিজলী'

## প্রিন্সিপালের আত্মহত্যা।

গতপূর্ব্ব বৃহস্পতিবার সন্ধ্যাকালে কলিকাতার ৮নং বিপ্রদাস ষ্ট্রীটে ঢাকা ইণ্টারমিডিয়েট কলেজের প্রিন্সিপ্যাল রায় বাহাদুর ভুপতিনাথ দাস গলায় দড়ী দিয়া আত্মহত্যা করিয়াছেন। দীর্ঘকাল হইতে ভুপতি বাবু মস্তিষ্ক বিকৃতির দরুণ কষ্ট পাইতেছিলেন এবং উপস্থিত তিনি ৮ মাসের ছুটি লইয়া কলিকাতায় অবস্থান করিতেছিলেন। প্রায় এক মাস পূর্ব্বে তিনি তাঁহার জন্মস্থান চুঁচুড়ার গিয়াছিলেন। গতপূর্ব্ব সোমবার তিনি সেখান হইতে চিকিৎসা করাইবার উদ্দেশ্যে কলিকাতায় ফিরিয়া আসেন। আত্মহত্যা করিবার পূর্ব্বে তাঁহাকে পুস্তক পাঠ করিতে দেখা গিয়াছিল।

## ঔষধের বদলে বিষ।

মাদ্রাজ ক্রিশ্চিয়ান কলেজের অধ্যাপক ডাক্তার ডি, ডবলিউ দেব নেশমের স্ত্রী তাঁহার ব্যবস্থামত ফুর্সি ডিসিকুলাস নামক ঔষধ আনাইবার জন্য তাঁহার মালীকে স্মিথ এণ্ড কোম্পানীর ঔষধের দোকানে পাঠান। ঔষধ আসিলে উহার খানিকটা খাইয়াই অসুস্থ হইয়া পড়েন এবং চিকিৎসার চেষ্টা করা হইলেও মারা যান। পরে জানা যায় যে, ঐ শিশিতে নক্সভমিকা নামক ঔষধ দেওয়া হইয়াছিল।

## অতিকায় মানুষ।

জুরা পর্ব্বত হইতে একটী লোক আসিয়াছে, সেই লোকটীর নাম আর্ম্মাণ্ড বনার। সে উচ্চে সাত ফিট সাড়ে পাঁচ ইঞ্চি। সে যদি তাহার বাহুযুগল বিস্তৃত করে, তাহা হইলে তাহার দক্ষিণ হস্তের অঙ্গুলীর অগ্রভাগ হইতে বাম হস্তের অঙ্গুলীর অগ্রভাগ বিস্তারে ৮ ফিট হয়। তাহার পায়ের জুতা পৌনে আঠার ইঞ্চি লম্বা। ইহার জুতা প্রস্তুত করিবার জন্য জুতা প্রস্তুতকারকেরা বিশেষ আগ্রহ প্রকাশ করিতেছে।

১৮৯০ খ্রীষ্টাব্দে বনারের জন্ম হয়। ৩০ বৎসর বয়স পর্য্যন্ত সে বৃদ্ধি পাইতে থাকে। সে যখন ভুমিষ্ঠ হইয়াছিল, তখন

তাহার ওজন ছিল সাড়ে ৪ পাউণ্ড মাত্র (প্রায় দুই সের)। তাহার পরিবারবর্গের মধ্যে এত লম্বা লোক কেহই জন্মে নাই। যিনি সর্ব্বাপেক্ষা দীর্ঘাকায় তাহার উচ্চতা ৫ ফিট ৯ ইঞ্চি।

অনান্য দীর্ঘাকায় লোক যেমন তাহাদের আকারের অনুরূপ বলবান হয় না, বনার সেরূপ নহে। সে অনায়াসে ১৪ মণ ( অর্দ্ধ টন ) ভার জিনিস বহন করিয়া লইয়া যাইতে পারে। তাহার স্বাস্থ্য ভাল এবং সে বেশ খাইতে পারে। তবে সে অধিক গোস্ত্ খায় না। শাক শজীই অধিক খাইয়া থাকে। তাহার পোষাকের খরচ অন্য লোকের পোষাকের খরচ অপেক্ষা দ্বিগুণ পড়ে। তাহার গায়ের মাপ লইবার সময় দর্জ্জিকে একখানি টুলের উপর উঠিয়া কাঁধের মাপ লইতে হয়। এখন লোকটা ইউরোপের মহাদেশে ঘুরিয়া বেড়াইতেছে। সে শীঘ্রই ইংলণ্ডে যাইবে।

'সময়'।

## নিলামের ইস্তাহার।

—:০:—

চৌকী জঙ্গিপুরের প্রথম মুন্সেফী আদালত।

নিলামের দিন ১৫ই মার্চ্চ ১৯২৪।

৫৮৯ খাং ডিঃ ভক্তহরি নাথ দিং দেঃ আশুতোষ দাস দাবি ১৬৮/৯ ১৭২ং তৌজির মহাল পং গণকর মৌজে ডিহি চরকার সামিল ২/৪ কাত ৫৲ আঃ ৭৲

৫০১ খাং ডিঃ ঐ দেঃ নিয়ামত সেখ দাবি ২৩৸৩ ২৫১নং তৌজির মহাল পং জোয়ার বিরাহিমপুর মৌজে কতেউল্লাপুর ২॥০ কাত ৩।৵০ আঃ ৯৲

৫৪৮ মনি ডিঃ শ্যামাপদ রায় দেঃ বিষ্ণুপদ রায় দাবি ১২৫।/৯ পং গণকর মৌজে রামপুরা ৩৫৮০ কাত ২৩৮৵৫ ওসমধা ১৭৫২॥০ কাত ১১৮/২॥০ আঃ ২০০৲

৬০৯ মনি ডিঃ হরেন্দ্রনারায়ণ দাস দেঃ মেঘনাথ দাস দাবি ৫৪৮৩ পং দেওয়া নাই মৌজে উদমন্তনগর ওরফে কারখানা ১।০ কাত ১।৵১৫ আঃ ১০৲ ২নং লাট মৌজে বিঠিপুর ১/০ কাত ১৲ আঃ ১০৲ ৩নং লাট মৌজে ঐ ৷২ আঃ ৫৲ ৪নং লাট মৌজে ঐ /২ আঃ ২৲ ৫নং লাট মৌজে রামদেবপুর ৫১ আঃ ৫৲

৬১২ মনি ডিঃ আইত্যামনী দাসী দেঃ জ্যোতি ব্রহ্মন্যা দাবি ৫৭৮৵৩ পং রুকুনপুর মৌজে অমরকুণ্ডা ৮/২ কাত ৫।৪ আঃ ৩০৲ ২নং লাট পং লস্করপুর ১/১ কাত ২।৵১৫ আঃ ১০৲ ৩নং লাট পং ঐ ॥০ আঃ ১০৲

চৌকী জঙ্গিপুরের দ্বিতীয় মুন্সেফী আদালত।

নিলামের দিন ১৮ই মার্চ্চ ১৯২৪।

৭৫ খ ঃ ডিঃ দিগম্বর দাস দেঃ কাজো বিবি দাবি ১৪৮৩ পং মঙ্গলপুর মৌজে উমরপুর ৬॥২ কাত ১॥৵০ আঃ ১০৲

৩৫ খাং ডিঃ পূর্ণচন্দ্র গোস্বামী দেঃ রামেশ্বরী দাসী দাবি ১২১/০ পং গোয়াস মৌজে কাটনাই ১/ কাত ২॥০ আঃ ৫৲

৬৪ রেহাণ ডিঃ নাবুবক্স নাদাপ দেঃ রাধানাথ মণ্ডল দাবি ১৩২॥৶৬ পং রাজসাহী মৌজে মহাদেবনগর জমি ও জমা দেওয়া নাই আঃ ১০০৲

৭০ রেহাণ ডিঃ রহমতুল্যা বিশ্বাস দেঃ রসুল সেখ দিং দাবি ২০৩৶৩ পং রুকুনপুর মৌজে জোতকাশী ২।৪ কাত দেওয়া নাই আঃ ২০০৲

৩৮ মর্গেজ ডিঃ চন্দ্রকান্ত ঘোষ দেঃ ইস্রার মহম্মদ সেখ দাবি ৯৮৯॥৶৬ পং কাশিমনগর মৌজে বৈদ্যনাথপুর ৫॥০ কাত পরতামত ৪৶০ আঃ ৯৯৲

———


# সালসা



## খেতে কোন হাঙ্গামা নাই

অনুপান—গরম দুগ্ধ ; অভাবে গরম জল।

| | |
|---|---|
| মাত্রা | পূর্ণ বয়স্কের এক দাগ, ৬ হইতে ১২ বৎসর পর্য্যন্ত অর্দ্ধ দাগ, অনূন বয়স্কের ৫।৭ বিন্দু হইতে সিকি দাগ। |
| ব্যবহার বিধি | সকালে ও বৈকালে এক দাগ করিয়া সুরবল্লী কষায় এক ছটাক আন্দাজ গরম দুধ ঠাণ্ডা করিয়া ঐ দুধের সহিত খাইতে হয়। দুধ অভাবে গরম জল ব্যবহার করা চলে। |
| পথ্যাপথ্য | পুরাতন চালের ভাত, কিম্বা রুটী বা লুচি এবং ছোট মাছ ; মুগ, ছোলা বা অড়হর ডাল ; পটল, আলু, বেগুণ, ডুমুর, ঝিঙ্গা, উচ্ছে, কাঁঠাল বিচি, কাঁকুড়, থোড়, মোচা, ওল. মানকচু, এঁচোড়, মটরশুটি, কপি প্রভৃতির ব্যঞ্জন সুপথ্য। তৈলপক্ক ব্যঞ্জন অপেক্ষা ঘৃতপক্ক ব্যঞ্জন ; সাধারণ নুনের পরিবর্ত্তে সৈন্ধব নুন ; অল্প মিষ্টে প্রস্তুত সকল রকম ঘৃতপক্ক খাবার—লুচি, মোহনভোগ, গজা, মেঠাই, মাখন, মিছরি, বেদানা, পেস্তা, বাদাম, কিসমিস, আঙ্গুর, খোবানী, এবং সুপক্ক ফল আম, পাকিফল, ইত্যাদি বিশেষ উপকারী। |
| সাধারণ নিয়ম | প্রয়োজন মত গরম জলে স্নান করা। গায়ে একটী জামা সর্ব্বদা রাখিলে ভাল হয়। সর্ব্বদা পরিষ্কার পরিচ্ছন্ন ও প্রফুল্লচিত্তে থাকা, কোষ্ঠ পরিষ্কার রাখা ও সুনিদ্রার প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য। |
| নিষিদ্ধ | নিয়মাদি ও অন্যান্য পালনোপযোগী নিয়মাদি সুরবল্লী কষায় ব্যবহার-বিধি পুস্তকে বিস্তারিত লেখা আছে। |

# সুরবল্লী কষায়

সেবনে বাত, সর্ব্বপ্রকার রক্তদুষ্টি ও চর্ম্মরোগ, যাবতীয় দুষ্টক্ষত, শারীরিক দৌর্ব্বল্য প্রভৃতি দূরীভূত হয়।

উদ্ভিজ্জ দ্রব্যে প্রস্তুত, খাইতে সুস্বাদু। সকল বয়সে এবং সকল ঋতুতে নির্ব্বিঘ্নে ব্যবহার করিতে পারা যায়।

এক শিশি ১।০ টাকা—ডাকমাশুল ৸০ আনা

## সি, কে, সেন এণ্ড কোং লিমিঃ

২৯ নং কলুটোলা ষ্ট্রীট
—কলিকাতা—

## অম্লরোগের মহৌষধ

অম্লপিত্তান্তক বটিকা—সর্ব্ব অজীর্ণ অম্ল ও শূল রোগের অব্যর্থ মহৌষধ। এই ঔষধ সেবনে অম্লশূল, বুকের কামড় ও গা বমি বমি করা, মুখে জল উঠা, ভুক্তান্ন বমি হওয়া, অজীর্ণজনিত স্বপ্নদোষ, কোষ্ঠবদ্ধ, মধ্যে মধ্যে পাতলা দাস্ত হওয়া প্রভৃতি উপসর্গ আরোগ্য হয়। বহুকষ্টে সংগৃহীত ও সরকারী ডাক্তারের বৈজ্ঞানিক মতে পরীক্ষিত ও দেশীয় গাছগাছড়া দ্বারায় প্রস্তুত করা হইয়াছে। গর্ভবতী স্ত্রীলোক ভিন্ন সকলে সকল সময়ে সেবন করিতে পারেন। মূল্য প্রতি বড় শিশি ১৲ টাকা, ছোট শিশি ॥০ আনা মাত্র ডাক মাশুল স্বতন্ত্র।

## নিম সাবান।

এই সাবান মাখিলে সামান্য খুজলি ( চুলকানি ) হইতে গলিত কুষ্ঠ পারদজনিত নানাবিধ চর্ম্মরোগ, ক্ষত, বাতরক্ত গায়ে চাকা চাকা দাগ হইয়া উঠা প্রভৃতি সর্ব্বপ্রকার রক্তদুষ্টি-জনিত চর্ম্মপীড়া অতি শীঘ্র আরোগ্য হইয়া থাকে। মূল্য প্রতি বাক্স ৮০ বার আনা, মাশুলাদি স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ডাঃ শ্রীমুরারিরঞ্জন সিংহ।

ম্যানেজার—সিংহ এণ্ড কোং, বৃন্দাবন ও মথুরা ইউ, পি।

এজেন্টস্ :—১। ব্যানার্জ্জি কোং ও ২। শ্রীযুক্ত তিনকড়ি দাস। রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ) ৩। শ্রীযুক্ত রাধাশ্যাম ব্যানার্জ্জি। কান্দী, (মুর্শিদাবাদ)

বিনামূল্যে ও বিনামাশুলে

স্বপ্নসদৃশ গ্রন্থরাজী প্রায় নিঃশেষ হইয়া আসিল !

সত্বর লিখুন—বিলম্বে হতাশ হইবেন ।

ঠিকানা :— বৈদ্যশাস্ত্রী মণিশঙ্কর গোবিন্দজী ।
'আতঙ্ক নিগ্রহ ঔষধালয়,'
২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ।

আরও পড়ুন ! আরও দেখুন !! অবাক্ হইবেন !!!

নাম মাত্র মূল্যে দুষ্প্রাপ্য ও অমূল্য ধাতুঘটিত মহৌষধাবলী ।

১। সকল সালসার রাজা "লৌহাসব" ।

ইহা সেবনে শরীরে প্রচুর বিশুদ্ধ রক্ত সঞ্চারিত হয় ও দেহ পরিপুষ্ট হয়। এই মহৌষধ সেবনে হাঁপানি যক্ষ্মা, বুকের বা হৃদ্‌যন্ত্রের যন্ত্রণা দূর হয় এবং প্লীহার বিস্তৃতি বন্ধ হয়। মূল্য ১২ তোলার ১ শিশি ১॥০ দেড় টাকা মাত্র।

২। "আরোগ্য অবলেহ" ব্যবহার করুন, ফল হাতে হাতে, প্রতি কৌটা ২০ তোলা পূর্ণ, মূল্য ২॥০ আড়াই টাকা মাত্র।

৩। "লৌহভস্ম" লউন—ইহা ব্যবহারে সত্য সত্যই লৌহ হজম করিতে পারিবেন এবং দেহ লৌহার মত শক্ত হইবে। মূল্য প্রতি তোলা ৫৲ টাকা মাত্র।

# ইলেক্ট্রিক সল্টস্




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পাদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ১॥০ দেড় টাকা।

সোল এজেণ্ট—ডিঃ ডিঃ হাজরা।
ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-কনের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহকক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৷৷৴০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৷৷৴০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৷৴০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১৷৴০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ২॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৷৴০ এক টাকা তিন আনা

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় [illegible] করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, পুরাতন জ্বর, মজ্জাগত ও [illegible] জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৷৴০ এক টাকা তিন আনা।

## মিল্ক অব্ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৵০ সাত আনা।

---


যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, টেরিটিবাজার, কলিকাতা।

---

১নং। দামোদর সুধা। :— মূল্য ॥৵০
ম্যালেরিয়া ও সর্ব্ববিধ পুরাতন জ্বরের মহৌষধ। মাশুলাদি স্বতন্ত্র




২নং বিনা অস্ত্রে আরোগ্য
অপেরেশন। :—

বাগী, ফোঁড়া, ঠুন্‌কা, উরুস্তম্ভ, শীতলী ব্রণ, কাকবিড়ালী, পৃষ্ঠব্রণ এমন কি আব (Tumour) প্রভৃতি প্রথম অবস্থায় বাহ্য প্রয়োগে বসিয়া যাইবে, এবং বিলম্বে লাগাইলে আপনি ফাটিয়া যায়।

মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি ॥০ আনা।

৩নং। স্পিরিট ক্যাম্ফর :— ওলাউঠা (কলেরা) উদরাময় প্রভৃতি রোগের প্রথমাবস্থায় অত্যুৎকৃষ্ট ঔষধ। মূল্য ।৵০ আনা একত্রে ৩ শিশি ১৲।

৪নং। এক্‌জিমা :— একজিমা বা কাউরের একমাত্র মলম। মূল্য ॥০ আনা।

ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস্।
ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ কলিকাতা।

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।